
দৈনিক

# ইত্তেফাক

তারিখ ... 05 MAY 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...



সুজানগর (পাবনা) : উপজেলার চলনা প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন —ইত্তেফাক

# সুজানগরে স্কুল ভবন ঝুঁকিপূর্ণ

◘ সুজানগর (পাবনা) সংবাদদাতা

সুজানগরের চলনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একমাত্র ঝুঁকিপূর্ণ ভবনে চলছে পাঠদান। যেকোন মুহূর্তে ভবনটি ধসে পড়ে হতাহতের ঘটনা ঘটতে পারে।

খোঁজ নিয়ে জানা যায়, ১৯৯২ সালের প্রথম দিকে অতি নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে ভবনটি নির্মাণ করা হয়। এর পর দীর্ঘ ২৪ বছর অতিবাহিত হলেও ভবনটি সংস্কার করা হয়নি। এতে ভবনের অধিকাংশ জায়গা থেকে পলেস্তরা খসে রড বের হয়ে গেছে। সামান্য বৃষ্টি হলেই ভবনের ছাদ থেকে পানি চুইয়ে পড়ে। তাছাড়া গত শনি ও রবিবারের দুই দফা ভূমিকম্পে ভবনটির ৩/৪ জায়গায় ফাটল দেখা দিয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বন্দে আলী জানান, অতি পুরাতন এ ভবনের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বার বার অবহিত করা সত্ত্বেও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়নি। ফলে বিকল্প কোন ব্যবস্থা না থাকায় ঝুঁকিপূর্ণ ওই ভবনেই কোমলমতি শিশুদের পাঠদান করা হচ্ছে।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার সৈয়দা নার্গিস আক্তারের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, ঝুঁকিপূর্ণ ওই ভবনের বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। বরাদ্দ পেলে দ্রুত ব্যবস্থা নেয়া হবে।